


নিউ ইয়র্ক সিটি Abortion Access Hub (NYC গর্ভপাত অ্যাক্সেস হাব)



গর্ভপাত সংক্রান্ত পরিষেবা ও সেবার জন্য গোপনীয় সহায়তা প্রদানকারী

গর্ভধারণ নষ্ট করার জন্য গর্ভপাত একটি নিরাপদ, স্বাভাবিক স্বাস্থ্য সেবা পরিষেবা। যুক্তরাষ্ট্রে, 45 বছর বয়সের আগে প্রতি চারজনে একজন নারী গর্ভপাত ঘটান।* গর্ভপাত ঘটানোর সিদ্ধান্ত একটি ব্যক্তিগত সিদ্ধান্ত। একটি গর্ভপাত ঘটানো বা না ঘটানোর জন্য কেউ আপনাকে চাপ দিতে পারেন না।

নিউ ইয়র্ক সিটি (NYC) তে, গর্ভপাত বৈধ, নিরাপদ এবং অভিবাসন বা বীমা স্ট্যাটাস নির্বিশেষে NYC গর্ভপাত অ্যাক্সেস হাবের মাধ্যমে যাদের প্রয়োজন তাদের সবার জন্য উপলব্ধ। **পরিষেবাসমূহের রেফারালের জন্য, সোমবার থেকে শুক্রবার, সকাল 8 টা থেকে রাত 8 টার মধ্যে 877-692-2482 নম্বরে হাবে ফোন করুন।**

যারা কল করেন তাদেরকে হাব NYC এর নিবন্ধিত গর্ভপাত প্রদানকারীদের সাথে যোগাযোগ করিয়ে দেয়। যদি কোনো কলারের আর্থিক সহায়তার প্রয়োজন হয়, হাব নেভিগেটররা তাদেরকে সংস্থানসমূহের সাথে যোগাযোগ করিয়ে দেয়, যেমন গর্ভপাত পদ্ধতির জন্য আর্থিক সহায়তা এবং পরিবহন বা বাসস্থান সহায়তা। যে কলাররা Medicaid এর জন্য যোগ্য হতে পারে তাদের এমন পরিষেবা প্রদানকারীদের সাথে যোগাযোগ করানো হয় যারা Medicaid এ রোগীদের তালিকাভুক্ত করতে পারে।

হাবে কৃত সকল কলই গোপনীয় ও নামবিহীন। কোনো শনাক্তকরণ তথ্য সংগ্রহ বা রেকর্ড করা হয় না এবং কর্মীরা ইংরেজি, স্প্যানিশ, ফ্রেঞ্চ, হেইশিয়ান ক্রিওল, চাইনিজ, বাংলা, রাশিয়ান, ইন্দিশ এবং আরো অনেক ভাষাসহ একাধিক ভাষায় সহায়তা প্রদান করে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে গর্ভপাত বিরোধী প্রতিষ্ঠান রয়েছে – যেগুলোকে কখনও কখনও ক্রাইসিস প্রেগন্যান্সি সেন্টার বা গর্ভাবস্থা রিসোর্স সেন্টার বলা হয় – যা লোকেদের গর্ভপাত করা থেকে বিরত রাখার চেষ্টা করে। যদি আপনি একটি নকল ক্লিনিকের খোঁজ পান, তাহলে **311** এ কল করে সেটির কথা রিপোর্ট করুন। আপনার ব্যক্তিগত তথ্য গোপন রাখার জন্য এই প্রতিষ্ঠানগুলো আইন দ্বারা বাধ্য নয়। আপনি যদি মনে করেন যে কোনো কোম্পানি বা সংস্থা মানুষের স্বাস্থ্য সংক্রান্ত গোপনীয়তার অধিকার লঙ্ঘন করছে, তাহলে আপনি [hhs.gov/hipaa/filing-a-complaint](https://www.hhs.gov/hipaa/filing-a-complaint) এ যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানব সম্পদ পরিষেবা বিভাগের কাছে একটি অভিযোগ দায়ের করতে পারেন।

- NYS এ, আপনি গর্ভধারণের পর 24 সপ্তাহ পর্যন্ত যে কোনো কারণে অথবা এর পরে আপনার স্বাস্থ্য যদি ঝুঁকির সম্মুখীন হয় বা আপনার গর্ভধারণ সম্পূর্ণ না হয় তাহলে আপনি গর্ভপাত করতে পারবেন।
- আপনার যদি গর্ভপাতের প্রয়োজন হয় এবং আপনি আপনার গর্ভাবস্থার অগ্রগতি সম্পর্কে অনিশ্চিত হন, তাহলে আপনি যোগ্য কিনা তা নির্ধারণ করতে একজন গর্ভপাত প্রদানকারীকে কল করতে বা দেখা করতে পারেন। কিছু অন্যান্য স্টেটে গর্ভাবস্থার পরের দিকেও যে কোনো কারণে গর্ভপাত করতে দিতে পারে।
- দুই ধরনের গর্ভপাত রয়েছে: ওষুধের মাধ্যমে ও অস্ত্রোপচারের মাধ্যমে। আপনার চিকিৎসার ইতিহাস, আপনার পছন্দ এবং আপনার সর্বশেষ রজঃচক্রের পর কত সপ্তাহ পার হয়েছে তার উপর ভিত্তি করে আপনার সেবা প্রদানকারী আপনাকে একটি নির্দিষ্ট পদ্ধতির সুপারিশ করতে পারে।
- NYS এ, কিশোর-কিশোরীরা তাদের পিতামাতার অনুমতি বা তাদেরকে জানানো ব্যতিতই গর্ভপাত সেবা সহ যৌন স্বাস্থ্য পরিষেবা পেতে পারে।
- NYS এ, প্রজননগত স্বাস্থ্য সিদ্ধান্তসমূহের সাথে সম্পর্কিত বৈষম্য এবং হয়রানি নিষিদ্ধ। গর্ভপাত সম্পর্কে বিনামূল্যের (প্রো বোনো) আইনি তথ্য পেতে, 212-889-5567 নম্বরে NY অ্যাটর্নি জেনারেল হটলাইনে ফোন করুন।

একটি সেবা প্রদানকারী খোঁজা, অর্থ পরিশোধ এবং সহায়তা পরিষেবা, অভিবাসীদের জন্য গর্ভপাত অ্যাক্সেস এবং আপনার স্বাস্থ্য সংক্রান্ত গোপনীয়তা রক্ষা সম্পর্কে আরো তথ্যের জন্য, 877-692-2482 নম্বরে হাবে কল করুন, অথবা nyc.gov/abortion এ যান।